# Times Today BD

এসকে সোহেল | খুলনা | 11 May, 2025

বাগেরহাটের ফকিরহাটে পৃথক দুর্ঘটনায় দুই শ্রমিকরে মৃত্যু হয়েছে।রোববার (১১ মে) সকালে উপজেলার আট্টাকী গ্রামের এই দূর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন–উপজেলার পাগলা উত্তরপাড়া এলাকার নওয়াব আলী ফকিরের ছেলে গ্যারেজ মিস্ত্রি মো. মুন্না ফকির (১৯) এবং বাগেরহাট সদর উপজেলার যাত্রাপুরের আফরা গ্রামের দলিল উদ্দিন শেখের ছেলে কাঁচামাল বিক্রেতা হাদিয়ার শেখ (৫৩)।

পুলিশ জানায়, বেলা ১০টার দিকে খুলনা-ঢাকা মহাসড়কের উপজেলার আট্টাকীর মেগনিতলা এলাকায় মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশের পিলারে ধাক্কা খেয়ে গুরুতর আহত হন মুন্না ফকির। পরে স্থানীয়রা  উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

মোল্লাহাট হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ নুরুজ্জামান বলেন, দুর্ঘটনার পর মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করা হয়েছে।আইনি প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

অন্যদিকে সকাল ১০টার দিকে আট্টাকী ঘোষপাড়া এলাকায় আশুতোষ ঘোষের বাড়িতে গাছে উঠে আম পাড়ার সময় ডাল ভেঙ্গে গাছ থেকে পড়ে গুরুত্বর আহন হাদিয়ার শেখ।স্থানীয়রা উদ্ধার করে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

ফকিরহাট মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক মীর বলেন, পুলিশ ঘটনাস্থল ও হাসপাতাল পরিদর্শন করেছে। মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করা হয়েছে এবং প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।

মৃত্যু দুর্ঘটনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 03:51

URL: https://www.timestodaybd.com/khulna/7758072316